গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
**www.sarishabari.jamalpur.gov.bd**

**উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর ডিসেম্বর ২০২২ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

তারিখ ঃ ২৭-১২-২০২২খ্রি:,
সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে, মহান বিজয়ের মাসে স্বাধীনতার জন্য সকল বীর সহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ । | ২০২২-২৩ অর্থবছরে রবি/মৌসুমে গম, ভুট্টা, সরিষা, চিনাদাম, শীতকালীন পেঁয়াজ, মসুর ও মুগ ফসলের আবাদ এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণের কৃষি প্রণোদনা কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়িত হয়েছে । কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রন্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে হাইব্রিড ও উফশী বোরধান বীজ ও সার বিতরণ কার্যক্রমও ইতোমধ্যে সম্পন্ন হয়েছে । খরিপ-২ মৌসুমে অবাদকৃত ১৫২১০ হেক্টর রোপা আমন ধান কর্তন সম্পন্ন হয়েছে । মাঠ পর্যায়ে রবি মৌসুমের বিভিন্ন ফসলের আবাদ কার্যক্রম অব্যাহত রয়েছে । এ বছর ৪৩৫০ হেক্টর জমিতে সরিষা ফসলের আবাদ হয়েছে যা পূর্বের তুলনায় ৬০০ হেক্টর বৃদ্ধি পেয়েছে । এ পর্যন্ত ৮৫১ হেক্টর জমিতে বোরো বীজ তলা স্থাপন করা হয়েছে যা নির্ধরিত লক্ষ্যমাত্রার চেয়ে বেশি । | উপজেলা চেয়ারম্যান বলেন, মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। সরকার নির্ধারিত মূল্যে প্রকৃত কৃষকদের নিকট উপসহকারী কৃষি কর্মকর্তার উপস্থিতিতে সার বিক্রয় করতে হবে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রন্তিক কৃষকদের মাঝে সঠিক ভাবে বিতরণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ । | ক. উপজেলা স্বাস্থ্য বিভাগ স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে। উপজেলা চেয়ারম্যা সভায় জানতে চান যে বীর মুক্তিযোদ্ধাদের জন্য চিকিৎসা বাবদ সরকারী সহায়তা প্রদান করা হয়, তা অব্যাহত আছে কিনা । উপজেলা স্বাস্থ বিভাগ সভায় জানান যে, ২০১৯-২০২০ এবং ২০২১-২০২২ অর্থ বছরে কোন বরাদ্দ পাওয়া যায় নাই, মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের থোক বরাদ্দ থেকে ২০২২-২০২৩ অর্থ বছরে ১,০০,০০০ (একলক্ষ) টাকা পাওয়া গিয়াছে । গত ১১/১০/২০২২ ইং তরিখে শুরু হওয়া ৫-১১ বছর বয়সী শিশুদের মাঝে কোভিড-১৯ টিকাদান কর্মসূচীতে এখন পর্যন্ত সরিষাবাড়ী উপজেলার ৪০,৯২০ জন শিশুকে কোভিড -১৯ ১ম ডোজ টিকা দেওয়া হয়েছে । ইতিমধ্যে হাসপাতালের স্থায়ী কেন্দ্রে কোভিড-১৯ এর ৪র্থ ডোজ টিকাদান শুরু হয়েছে । ৩ য় ডোড় টিকা গ্রহণের ৪ মাস অতিবাহিত হলে সকলে ৪র্থ ডোজ টিকা গ্রহন করতে পারবেন । হাসপাতালে এনালক X-ray মেশিন মেরামত করা হয়েছে এবং X-ray কার্যক্রম চালু | ক. বীর মুক্তিযোদ্ধাদের জন্য থোক বরাদ্দ থেকে ১,০০,০০০ (একলক্ষ) টাকা পাওয়া গিয়াছে । গত ১১/১০/২০২২ ইং তরিখে শুরু হওয়া ৫-১১ বছর বয়সী শিশুদের মাঝে কোভিড-১৯ টিকাদান কর্মসূচীতে এখন পর্যন্ত সরিষাবাড়ী উপজেলার ৪০,৯২০ জন শিশুকে কোভিড -১৯ ১ম ডোজ টিকা দেওয়া হয়েছে ।<br>খ. ২০২২এর জানুয়ারী থেকে নভেম্বর মাস সেবামূল্য হিসেবে মোট ১০,২৭,৪২৪/- টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে । | ক.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | হয়েছে । আশা করা হচ্ছে অচিরেই আলট্রাসনোগ্রাম মেশিন মেরামত করা যাবে । গত নভেম্বর /২০২২ মাসে মোট ১৪৫৬৪৩/- টাকা সেবামূল্য আয় করে সরকারী কোষাগারে জমাদান করা হয়েছে । ২০২২এর জানুয়ারী থেকে নভেম্বর মাস সেবামূল্য হিসেবে মোট ১০,২৭,৪২৪/- টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে । এছাড়া উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে । | | |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন,চিকিৎসা গবাদি প্রাণি-১৪৬৯৬ টি,হাঁস-মুরগী- ১,৫৩৬৯৯ টি। টিকা প্রদান গবাদিপ্রাণি ২৭০৮৪ মাত্রা, হাঁস-মুরগী-৪,৫২,৯০০ মাত্রা । প্রশিক্ষণ-৩২৩ জন, কৃত্রিম প্রজনন-৪৩৯৭ টি বাচ্চা উৎপাদন -১৭২৪ টি, রাজস্ব আদায়- টিকা -১,২১৭০০/- কৃত্রিম প্রজনন-১,৩১৩৭০/- । ১নং সাতপোয়া ইউ পি চেয়ারম্যান বলেন যে প্রাণিসম্পদ দপ্তরের প্রনোদনার জন্য যে বরাদ্দ আসে তা আমাদের জানানো হয় না এবং তিনি আরও বলেন যে ওয়ার্ল্ড ফার্মার সোসইটি ফর সেন্টর এর একটি এনজিওর নামে কিছু লোক মাঠ পর্যায়ে ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যে একটি ফরম বিতরণ করছে তা প্রাণিসম্পদ অবহিত আছে কিনা । বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন প্রাণি সম্পদের নতুন করে কোন প্রনোদনা নাই। উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন সকল সরকারি সুবিধা সকল ইউনিয়ন চেয়ারম্যানদের অবহিত করার জন্য । মাঠ পর্যায়ে যে ফরম বিতরণ করা হচ্ছে তা প্রাণি সম্পদ অবহিত না । অক্টোবর মসের সিদ্ধান্তে (ক) অনুচ্ছেদের টাইপিং ভূল এর কারণে, সুষম-বন্টন করা হয়, শব্দটি বাদে বন্টন করা, শব্দটি হবে । | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ। | "জাটকা সংরক্ষণ অভিযান -২০২২ '' ০১ নভেম্বর/২০২২ খ্রি: তারিখ হতে ৩০/৬০/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত। মোট ০৮ মাস ২৫ সে.মি ( ১০ ইঞ্চি) এর নিচে জাটকা মাছ আহরণ, বিক্রয়, পরিবহন,মজুদ ও বাজারজাতকরণ সর্ম্পূণ নিষিদ্ধ ও দন্ডনীয় অপরাধ । ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২ ) এর আওতায় ০৮ টি ইউনিয়নে ১৬ টি সিআইজি সমিতির ১৬ জন সদস্যদেরকে প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে। রাজস্ব বাজেটের আওতায় ২০ জন মৎস্যচাষিদের গুড একুয়াকালচার প্র্যাকটিস এন্ড ফুড সেফটি বিষয়ক প্রশিক্ষন প্রদান । ২০ জন মৎস্যচাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান , ০৪ টি পুকুরের পানি পরীক্ষা । দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. ০১ নভেম্বর/২০২২ খ্রি: তারিখ হতে ৩০/৬০/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত । মোট ০৮ মাস ২৫ সে.মি ( ১০ ইঞ্চি) এর নিচে জাটকা মাছ আহরণ, বিক্রয়, পরিবহন, মজুদ ও বাজারজাত করণ সর্ম্পূণ নিষিদ্ধ ও দন্ডনীয় অপরাধ । মৎস্যচাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান অব্যহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার। |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি এর১ম ও ২য় কিস্তির বরাদ্ধ পাওয়া গিয়াছে । প্রকল্প বাছাই এর কাজ চলমান । পিইডিপি-৪ প্রকল্পের ৮ টি প্রথমিক বিদ্যালয় এর নির্মান/ বাউন্ডারি ওয়ালের কাজ চলিতেছে । আরও ৫টি স্কুলের টেন্ডার হয়েছে । সরিষাবাড়ী উপজেলা নির্বাহী অফিসারের অফিস পুড়ে যওয়ায় মন্ত্রণালয় হতে ২৪,২৮,৪৪৪/- টাকা বরাদ্ধ পাওয়া গিয়াছে । সরিষাবাড়ী উপজেলা পরিষদে ২০২১-২২ ইং অর্থ বৎসরের রাজস্ব তহবিলের আওতায় টেন্ডারের ৮টি প্রকল্প, মসজিদ মেরামতের জন্য ৬০,০০০/- করে ৩টি পিআইসি, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের উঠান সংস্কার ৫,০০,০০০/- টাকা এবং এটাস বাথরুম নির্মাণের জন্য ৪,০০,০০০/- টাকা, ২০২২-২০২৩ অর্থ বৎসর হইতে রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ব্যয় করার অনুমোদন প্রয়োজন ।<br>খ. উপজেলা প্রকৌশলী সভাকে জানান,স্থানীয় সরকার বিভাগ ও জাইকার আর্থিক সহায়তায় সরিষাবাড়ী উপজেলায় বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প(৫ম | ক. উপজেলা প্রকৌশলী সরিষাবাড়ী উপজেলা নির্বাহী অফিসারের অফিস পুড়ে যওয়ায় মন্ত্রণালয় হতে ২৪,২৮,৪৪৪/- টাকা বরাদ্ধ পাওয়া গিয়াছে। এছাড়া উপজেলা পরিষদে ২০২১-২২ ইং অর্থ বৎসরের রাজস্ব তহবিলের আওতায় টেন্ডারের ৮টি প্রকল্পে টাকা , ২০২২-২০২৩ অর্থ বৎসর হইতে রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ব্যয় করার অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>খ. সভায় বিস্তারিত আলোচনা ও মতামতের ভিত্তিতে ঠিকাদারী প্রতিষ্ঠান "মেসার্স মিতু ট্রেডার্স" কে তাহার সমুদয় বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত | ক.উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সরিষাবাড়ী। ইউপি চেয়ারম্যান সকল। সদস্য সংশ্লিষ্ট কমিটি। |

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | পর্যায়) এর উপ-প্রকল্প "সরিষাবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মানসন্মত চিকিৎসা সেবার মান উন্নয়নের জন্য আইসোলেশন ওয়ার্ড নির্মাণ" প্রকল্পটির নির্মাণ কাজটি সুন্দর ভাবে সম্পন্ন হওয়ায় দায়িত্ব প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান "মেসার্স মিতু ট্রেডার্স" কে ভ্যাট ও আয়কর সহ সমুদয় বিল বাবদ-৪০,২২,৩৪৫.০০ (চল্লিশলক্ষ বাইশ হাজার তিনশত পয়তাল্লিশ) টাকা (এখানে ঠিকাদার কর্তৃক দাখিল কৃত বিলের পরিমাণ-৪০,২২,৩৪৫.০০ টাকা, ভ্যাট বাবদ-৩,০১,৬৭৬.০০ টাকা এবং আয়কর বাবদ-০১,২০,৬৭০.০০ টাকা) পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। | হয়। [illegible] | |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | ক. ০৬/১২/২০২২খ্রিঃ তারিখ হতে ১৯/১২/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় থেকে পঞ্চশ শ্রেণির শিক্ষার্থীদের তৃতীয় প্রান্তিকের মুল্যায়ন হয় । ক্লাস্টার ভিত্তিক প্রশ্নপত্র তৈরি করে লিখিতভাবে মূল্যায়ন করা হয়। মূল্যায়নের জন্য শিক্ষার্থীদের পক্ষ থেকে কোন প্রকার পরীক্ষার ফি গ্রহণ করা হয়নি। বিদ্যালয়ের স্লিপ ফান্ড হতে পরীক্ষা বাবদ ব্যয় নির্বাহ করা হবে। শহীদ বুদ্ধিজীবি দিবস ও মহান বিজয় দিবস যথাযথযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে । আগামী ৩০ডিসেম্বর,২০২২খ্রিঃ তারিখে প্রাথমিক বৃত্তি পরীক্ষা-২০২২ এর কার্যক্রম চলমান। এছাড়াও শিক্ষকগণ উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত হোম ভিজিট করছেন।<br>বিদ্যালয়ের পরিস্কার-পরিচ্ছন্নতা, বিদ্যালয়ের সম্পদ রক্ষণাবেক্ষণ করার জন্য শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও জমির তথ্য হালনাগাদ করণ এবং সীমানা চিহ্নিতকরণ, উন্নয়ন কার্যক্রম শতভাগ বাস্তবায়ন এবং শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে শিক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে। দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | ক. সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় থেকে পঞ্চশ শ্রেণির শিক্ষার্থীদের তৃতীয় প্রান্তিকের মুল্যায়ন হয়। ক্লাস্টার ভিত্তিক প্রশ্নপত্র তৈরি করে লিখিতভাবে মূল্যায়ন করা হয়। শহীদ বুদ্ধিজীবি দিবস ও মহান বিজয় দিবস যথাযথযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে শিক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে। | ক. উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক. আগামী ২৮ নভেম্বর-২০২২খ্রিঃ তারিখ এস.এস.সি/ সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে । এস.এস.সি পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩৫২২ জন, পাশ করেছে ৩২০৫ জন, জিপিএ-৫ পেয়েছে ৭২৩ জন , পাশের হার ৯০.৯৯% দাখিল পরীক্ষার্থীর ৫১৬ জন পাশ করেছে ৪৪৩জন জিপিএ-৫ পেয়েছে ১৯ জন পাশের হার ৮৫.৮৫% এবং এস.এস.সি (ভোক) পরীক্ষার্থীর সংখ্যা ৭৮৯ জন ,পাশ করেছে ৭২৮ জন, জিপিএ-৫ পেয়েছে ২২৬ জন পাশের হার ৯২.২৭%। এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২৩খ্রি সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহণ করা হচ্ছে এবং শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলছে । ইতিমধ্যে ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি পাওয়া গিয়েছে । পত্রের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পন্ন করা হচ্ছে। | ক. এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২৩খ্রি সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহণ করা হচ্ছে এবং শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলছে । ইতিমধ্যে ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি পাওয়া গিয়েছে । পত্রের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিস। | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত বয়স্ক, বিধবাও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতার অক্টোবর-২০২২ খ্রি.থেকে ডিসেম্বর-২০২২ খ্রি.পর্যন্ত ০৩ মাসের পেরোল ডিসেম্বর এর শেষ সপ্তাহে প্রেরণের নির্দেশনা রয়েছে। আশা করা যাচ্ছে জানুয়ারির ১৫ তারিখের পর যে কোন সময় ভাতা ভোগীর স্বস্ব নগদ ওয়ালেটে টাকা যুক্ত হবে । এছাড়া প্রতিবন্ধী | ক. আশা করা যাচ্ছে জানুয়ারির ১৫ তারিখের পর যে কোন সময় ভাতা ভোগীর স্বস্ব নগদ ওয়ালেটে টাকা যুক্ত হবে । প্রতি বুধবার সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১:০০ ঘটিকা পযন্ত জরিপ কাজ অনুষ্ঠিত হয়। | ক.উপজেলা সমাজসেবা অফিসার। |

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ভাতার ২০২২-২৩ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্ধ পাওয়া গেছে । এ সংক্রান্ত সংশ্লিষ্ট কমিটির সভা অদ্য ২৭.১২.২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত হবে । প্রতি বুধবার সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১:০০ ঘটিকা পযন্ত জরিপ কাজ অনুষ্ঠিত হয়। পল্লী সমাজ সেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিড দগ্ধ প্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে । ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকেপ্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদনের হার্ড কপি প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্টদের জমা প্রদান করতে হবে । এছাড়া ও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সভায় সদস্যরা জরিপ কাজ সচ্ছ ভাবে করার জন্য বলেন । | |
| ০৯ | উপজেলা সমবায় অফিস। | ক. উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ১১, মোট সম্পাদন ১১২ সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে- ০৫ টি, মোট সম্পাদন ৩০ টি, রাজস্ব আদায়(ননটেক্স রেভিনিউ) চলতি মাসে ২০০০ মোট সম্পাদন ১৮৪১০/- সমবায় বিষয়ক প্রশিক্ষণ প্রদান ২ জন,অডিট সেস আদায় ০/- মোট সম্পাদন ৯৯৯০/-,সমবায় উন্নয়ন তাহবিল আদায় ২০৭/- মোট সম্পাদন ১৫৯৭/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ১৩ টি, মোট সম্পাদন ৬৪ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ১১ টি, মোট সম্পাদন ১৭ টি, সমবায় সমিতি তদারকী করন চলতি মাসে-২ টি, মোট সম্পাদন ২ টি, সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ৫ টি মোট ৭ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৮৩,০০০/- মোট সম্পাদন ৭,০০,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ৭০০/-, মোট সম্পাদন ৯৫০০/-, । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিস। | উপজেলা যুবউন্নয়ন অফিসার সভায় জানান যে, চলতি অর্থ বছরে আত্মকর্ম সংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৭টি ব্যাচে ৩০ জন করে ২১০ জন। ।চলতি অর্থ বছরে নভেম্বর/২০২২ খ্রিঃ পর্যন্ত ১টি ব্যাচে ৩০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অর্থ বছরে পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী ও আত্মকর্মসংস্থান কর্মসূচীর ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা ৩২,৬০,০০০/= (বত্রিশ লক্ষ ষাট হাজার) টাকা ।চলতি অর্থ বছরে নভেম্বর/২০২২ খ্রিঃ পর্যন্ত ২১ জন কে ১১,০০,০০০/- (এগারো লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | ক. উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | ক.উপজেলা পরিবার পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন নভেম্বর /২০২২ ইং মাসের নিম্লোক্ত সেবা প্রদান করা হয় । মোট জনসংখ্যা ঃ ৩৩১৪৯৪,মোট সক্ষম দম্পতি ৬৬২০৯ জন,পুরুষ বন্ধাকরণ -০০ জন, মহিলা বন্ধ্যাকরণ-১৬ জন, আই. ইউ. ডি ২২ জন , ইমপ্লান্ট-৫৩ জন, ইনজেকশন ১৫৯৬ ভয়েল, খাবার বড়ি (সুখী) ১৭৬৬৪ চক্র. খাবার বড়ি (আপন) ৪৩১ চক্র, কনডম-৩৬৭৮৮ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |

| ক্রঃনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | ডিসেম্বর/২০২২ ইং মাসের অত্র উপজেলার ০৮ টি ইউনিয়নের ভিডব্লিউবি ডিও প্রদান করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রাথমিক তালিকা ছক-২ পূরণ করা হয়েছে। আগামী ২৫ তারিখের মধ্যে ছক-৩ পূরণ পূর্বক সুবিধাভোগী নির্বাচন করা হবে। ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন প্রশিক্ষণ কার্যক্রম ১৭তম ব্যাচের প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত করা হয়েছে এবং ১৮ তম ব্যাচ ২২/১১/২০২২ ইং তারিখ হতে প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে সংগীত ও আবৃত্তির সাথে কেরাত সংযোজন করা হয়েছে। প্রয়োজনীয় যন্ত্রপাতি ও কাঁচামাল সরবরাহ করা হয়েছে এবং ক্লাবের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। পূর্বের ন্যায় কিশোর-কিশোরীদের নাস্তা প্রদান করা হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ক. উপজেলা০৮টি ইউনিয়নের ভিজিডি'র ডিও প্রদান করা হয়েছে এবং যথা নিয়মের মধ্যে মাল উত্তোলন ও বিতরণ করতে হবে । প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে সংগীত ও আবৃত্তির সাথে কেরাত সংযোজন করা হয়েছে। | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি) । | ক. বাংলাদেশে পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত সরিষাবাড়ী উপজেলায় ০৭ টি প্রকল্প/ কর্মসূচির কাজ চলমান রয়েছে, ১. মূল কর্মসূচি (আবর্তক), ২. পল্লী প্রগতি প্রকল্প, ৩. সদবিক (সমন্বিত দারিদ্য বিমোচন কর্মসূচি), ৪. মউ (মহিলা উন্নয়ন কর্মসূচি), ৫. অপ্রধান শস্য, ৬. অংশীদারিত্ব মূলক কর্মসূচি (পিআরডিপি-৩), ৭. বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্নকর্মসংস্থান কর্মসূচি, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে প্রশিক্ষণ প্রকল্প । সকল প্রকল্প/ কর্মসূচির ঋণ কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে । মাঠ পর্যায়ে খেলাপী টাকা আদায়ের জন্য সদস্য পর্যায়ে নোটিশ প্রদান করা হয়েছে । ২০২২-২০২৩ অর্থ বছরে অপ্রধান শস্য প্রকল্পের ১ম ব্যাচে ০৩ দিন ব্যাপী ৪০ জন সদস্যের প্রশিক্ষণ ইতিমধ্যে শেষ হয়েছে এবং এই অর্থবছরে ৬৬ জন সফল ভোগীর সদস্যকে বিনামূল্যে পেয়াজের বীজ বিতরন করা হয়েছে। অংশীদারিত্ব মূলক কর্মসূচি (পিআরডিবি-৩) ২০২২-২০২৩ অর্থ বছরে দুটি ইউনিয়নে মহাদান ও ভাটারাতে মোট স্কীম বরাদ্ধ পাওয়া গেছে যা মাঠ পর্যায়ের কার্যক্রম চলমান রয়েছে । খেলাপী টাকা আদায়ে সদস্য পর্যায়ে নোটিশ পদান করা হয়েছে এবং চলমান রয়েছে । ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আলোকে মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় বলেন ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ- সমিতির সংখ্যা ১০৮ টা, মোট সদস্য সংখ্যা- ৫৮৮২ জন,চলতি মাসে নতুন সদস্য ভর্তি- ৩০০ জন, ঋন বিতরণ ৬৯.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋন আদায় ৭১.০০/-চলতি মাসে সঞ্চয় আদায় = ৩.৫০(লক্ষ টাকা) চলতি সঞ্চয় ফেরৎ ২.২০(লক্ষ টাকা) চলতি মাসে খেলাপী ১০৬.২০(লক্ষ টাকা) , সদ্যমাঠে পাওনার ঋনের পরিমান ৪৬৪.৫০/-(লক্ষ) টাকা। ঋন আদায়ের হার ৯৮% । <u>নারী উদোক্তা ঋণবিতরণ</u> ঃ মোট সদস্যসংখ্যা ২৩৬ জন চলতি মাসে ঋণবিতরণ করা হয়েছে ২১.০০(লক্ষ টাকা)। চলতি মাসে ঋন আদায় ২২.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋন আদায়ের হার ১০০%খেলাপী ঋনের পরিমান ১৫.০০(লক্ষ) টাকা, খেলাপী থেকে আদায় ০.২৫(লক্ষ) মাঠে পাওনা টাকার পরিমান ১৭২.৬০ (লক্ষ) টাকা। <u>উদ্যোক্তা ঋণ কার্যক্রমঃ-</u> মোট সদস্য ১৬৪ জন, চলতি মাসে নতুন উদ্যোগ ৮ জন, চলতি মাসে ঋণ বিতরণ ২২.০০(লক্ষ | ক. সকল ঋণ আদায় কার্যক্রম চালু রাখতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার। |

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | টাকা),চলতি মাসে ঋন আদায় হয়েছে ২৫.০০(লক্ষ টাকা), চলতি মাসে ঋন আদায়ের হার ৯৮%, মোট খেলাপী ঋণের পরিমান ২৯.৪০ (লক্ষ টাকা), খেলাপী থেকে আদায় ০.৩০ (লক্ষ টাকা), মাঠে পাওনা ঋণের পরিমান ১৪৬.৬০ (লক্ষ টাকা), তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে কার্যপত্র পাওয়া যায় নাই। | | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | ক. সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরাসন প্রকল্পের আওতায় আর্সেনিক স্কিনিং এর জন্য ইউনিয়নসমূহে স্থানীয় "নলকূপ পরীক্ষক/ তথ্য সংগ্রহক(Tester)সম্পৃক্তকরণের লোকবল নিয়োগের মাধ্যমে মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান আছে ।<br>খ. সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ ইং বছরের বরাদ্দকৃত ২০৮ টি সাবর্মাসিবল পাম্প ও জলধারসহ অগভীর নলকূপের স্থাপনের কাজ চলমান আছে । | খ. সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ ইং বছরের বরাদ্দকৃত ২০৮ টি সাবর্মাসিবল পাম্প ও জলাধারসহ অগভীর নলকূপের স্থাপনের কাজ চলমান আছে । | ক. সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |
| ১৭ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা। | অনুপস্থিত থাকায় তাদের দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | | |
| ১৮ | আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক। | ক. পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১১১১৪ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে আদায় ৫ কোটি ৬০ লক্ষ টাকা ও বিতরণ ৫ কোটি ৫৫ লক্ষ টাকা। বর্তমান অর্থ বছরের আদায়ের হার ৭১% এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। শাখা ব্যবস্থপক আরো জানান,পল্লী সঞ্চয় ব্যাংকের নিজস্ব ভবন নির্মাণের কাজ শেষ।বর্তমান মাসের মধ্যে নতুন ভবনে অফিস কার্যক্রম হওয়ার সম্ভবনা আছে। | ক. ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে এবং আমার বাড়ী আমার খামার এর নিজস্ব ভবনে অফিস কার্যক্রম পরিচালনা শুরু করার জন্য বলা হলো । | ক. সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার। |
| ১৯ | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | অনুপস্থিত থাকায় তাদের কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | | ক. ইউডিএফ, উপজেলা পরিষদ । |
| ২১ | উপজেলা পাট পরিদর্শক | উপজেলা পাট পরিদর্শক সভায় জানান যে,বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলায় এ পর্যন্ত ২৯৫ টি লাইসেন্স হয়েছে । রাজস্ব আয় ৫ লক্ষ টাকা (প্রায়)। নতুন একটি পাট রপ্তানী কারক প্রতিষ্ঠান পপুলার মোড়ে স্থাপিত হয়েছে যা উদ্বোধনের অপেক্ষায়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে । | রাজস্ব আয় আরও বাড়াতে হবে। | উপজেলা পাট পরিদর্শক । |
| ২২ | বিবিধ আলোচনা । | ক. পিংনা ইউনিয়ন চেয়ারম্যান বলেন যে, বারইপটল রেল ক্রসিং এর পার্শে বিদ্যুৎতের তারের সাথে ঝড়ে একটি গাছ পড়ে গেছে তা ব্যবস্থা নেওয়ার জন্য ।<br>খ. মাননীয় এমপি মহোদয় এর প্রতিনিধি সভায় জানান যে, তৃণমূল পর্যায়ে ৩০০(তিনশত) জন করে ট্রেনিং এর ব্যবস্থা আছে তিন মাস পরপর। কে বা কাহার কোন মাধ্যমে তালিকা করা হয় তা মহিলা বিষয়ক কর্মকর্তার কাছে জানতে চান । | ক. উপজেলা প্রকৌশলীকে বিষয়টি পরিদর্শন করে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার বলেন ।<br>খ.মহিলা বিষয় কর্মকর্তা বলেন এ বিষয়ে তার অফিসে কোন প্রকার তালিকা করা হয় না । তবে বিস্তারিত জেনে অবহিত করা হবে । | ক. উপজেলা প্রকৌশলী সরিষাবাড়ী ।<br>খ.মহিলা বিষয়ক কর্মকর্তা সরিষাবাড়ী । |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনুরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গিয়াস উদ্দিন পাঠান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর ।

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২২-

তারিখ ঃ ২৭-১২-২০২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। আলহাজ্ব ডাঃ মোঃ মুরাদ হাসান, এমপি,-১৪১ জামালপুর-৪
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও স্থানীয় সরকার বিভাগ, সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, জামালপুর।
০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৭। জনাব ..................................................................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

০১। উপজেলা ......................................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,.......................................................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব ...........................................................................................................

27.12.22
(উপমা ফারিসা)
উপজেলা নিবহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোন নং- ০৯৮২৭-৫৬০১৮
email-unosarishabari@mopa.gov.bd

সরিষাবাড়ী উপজেলা পরিষদের ডিসেম্বর /২০২২ খ্রিঃ মাসের মাসিক সভার উপস্থিতির হাজিরা শীট ঃ-

তারিখ ঃ- ২৭/ ১২/২০২২খ্রিঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব বীর মুক্তিযোদ্ধা মো ঃ গিয়াস উদ্দিন পাঠান, চেয়ারম্যান উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | | |
| ০২। | জনাব উপমা ফারিসা, উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী | | |
| ০৩। | জনাব মো ঃ মনির উদ্দিন মেয়র, সরিষাবাড়ী পৌরসভা , | | |
| ০৪। | জনাব আবুল কালাম আজাদ, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | | |
| ০৫। | জনাব জেলী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | | |
| ০৬। | চেয়ারম্যান, বিআরডিবি, সরিষাবাড়ী | | |
| ০৭। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী | | 01724835688 |
| ০৮। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসর সরিষাবাড়ী | | 01925950801 |
| ০৯। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী | | 01717804270 |
| ১০। | উপজেলা মৎস্য কর্মকর্তা, সরিষাবাড়ী | | 01798703648 |
| ১১। | উপজেলা প্রকৌশলী, সরিষাবাড়ী | | 01716366825 |
| ১২। | উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী | | 01718160216 |
| ১৩। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরিষাবাড়ী | | 01712145511 |
| ১৪। | উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী | | 01679540108 |
| ১৫। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী | | 01716-331750 |
| ১৬। | উপজেলা সমবায় কর্মকর্তা, সরিষাবাড়ী | | 01714788610 |
| ১৭। | উপজেলা যুব উন্নয়ন, কর্মকর্তা, সরিষাবাড়ী | | 01712770007 |
| ১৮। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী | | 01716-491683 |

| | | | |
|---|---|---|---|
| | | | |
| ১৯। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী | | |
| ২০। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী | | |
| ২১। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সরিষাবাড়ী | | 01721646332 |
| ২২। | উপজেলা সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সরিষাবাড়ী | | 01753-537320 |
| ২৩। | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা সরিষাবাড়ী, । | | |
| ২৪। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, সরিষাবাড়ী | | 01938-872315 |
| ২৫। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, সরিষাবাড়ী | | |
| ২৬। | চেয়ারম্যান, ০১ নং সাতপোয়া, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | ০১৭১৫৪৯০৫২৮ |
| ২৭। | চেয়ারম্যান, ০২ নং পোগলদিঘা, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | [illegible] |
| ২৮। | চেয়ারম্যান, ০৩ নং ডোয়াইল, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | 01727-258115 |
| ২৯। | চেয়ারম্যান, ০৪ নং আওনা, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | [illegible] |
| ৩০। | চেয়ারম্যান, ০৫ নং পিংনা, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | [illegible] |
| ৩১। | চেয়ারম্যান, ০৬ নং ভাটার, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | 01739293839 |
| ৩২। | চেয়ারম্যান, ০৭ নং কামরাবাদ, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | [illegible] |
| ৩৩। | চেয়ারম্যান, ০৮ নং মহাদান, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | 01716-680232 |